General Certificate of Secondary Education
Higher Tier
June 2012

# Bengali

# 46351HT

**Unit 1 Listening Test Transcript**

# H

**Monday 28 May 2012 1.30 pm to 2.15 pm approximately (including reading time)**

| FOR INVIGILATOR'S USE ONLY |
|---|

**Time allowed**
- 40 minutes approximately + 5 minutes reading time before the test

- **The pauses are pre-recorded for this test.**

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- Answer **all** questions in **English**.
- You must answer the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now*****. **You must not ask questions or interrupt during the test.**
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

| Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes reading time, are pre-recorded. |
|---|

*****If candidates ask any questions at this point, the Invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

| | | |
|---|---|---|
| **Example** | **F2** | ইমতিয়াজ, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো? |
| | **M2** | আমি ব্যায়াম করি। |
| **1 (a)** | **F2** | শীলা তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো? |
| | **F1** | আমি যোগ ব্যায়াম করি। |
| **1 (b)** | **F2** | ফয়েজ, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো? |
| | **M1** | আমি সাঁতার কাটি। |
| **1 (c)** | **F2** | ফারহানা, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো? |
| | **F1** | আমি নাচি। |
| **1 (d)** | **F2** | রবিন, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো? |
| | **M2** | আমি নৌকা চালাই। |
| **2** | **F2** | আমার গল্পের বই পড়ার শখ আছে। আমি খুব গল্পের বই পড়ি। |
| **3** | **M1** | ড্রাইভার বললো,'গাড়ি আর যাবে না'। আমি ড্রাইভারকে জিজ্ঞাসা করলাম, 'গ্লেসিয়ার কোথায়?' ড্রাইভার উত্তর দিলো, 'গ্লেসিয়ার অনেক দূরে, ওই পাহাড়ের উপর।' |
| **4** | **F1** | হঠাৎ দেখি, একটি রোগা-মতন কাশ্মীরী যুবক আমাদের দিকে এগিয়ে এলো। 'আমার নাম ইসমাইল' – সে পরিচয় দিলো। 'আমি আপনাদের ঘোড়ার পিঠে চড়িয়ে ঐ পাহাড়ের কাছে নিয়ে যাবো। এই যে আমার দুই ঘোড়া – বাদল আর রাজা।' |
| **5** | **M2** | আমরা একটা ঝরনার ধারে থামলাম। যখন বাদল আর রাজা জল খাচ্ছিলো, ইসমাইল আমার ক্যামেরাটা চাইলো। সে বললো, 'আপনাদের একটা ছবি তুলে দেবো।' ছবিটা তুলে সে আমাদের দেখালো আর বললো, 'দেখে মনে হচ্ছে, আপনারা দুজন কোনো কাউবয় সিনেমার নায়ক-নায়িকা। ঘোড়ার পিঠে চড়ে বিশ্রাম করছেন।' |
| **6** | **F1** | গ্লেসিয়ারটার কাছে গেলাম। দেখি রওশনের চোখ ছল ছল করছে। সে বললো, 'দেখ, জায়গাটা কতো বড়ো – একদিন পুরো জায়গাটা নিয়ে গ্লেসিয়ারটা ছিলো। এখন কতো ছোটো হয়ে গেছে! একদিন আমাদের গ্রহের অনেক জিনিস নষ্ট হয়ে যাবে, আবহাওয়ার উত্তাপের জন্যে।' |
| **Example** | **F2** | এই চাকরি করলে তোমাদের স্কুলের নোটিসগুলোকে বাংলায় অনুবাদ করতে হবে। |
| **7 (a)** | **F1** | এই চাকরি করলে তোমাকে স্কুলের খাবার ঘরে সপ্তাহে তিন দিন এক ঘণ্টা করে সাহায্য করতে হবে। |
| **7 (b)** | **M1** | এই চাকরি করলে তোমাকে স্কুলের কম্পিউটারে বাংলায় এবং ইংরেজিতে অনেক কিছু লিখতে হবে। |
| **7 (c)** | **M2** | এই চাকরি করলে তোমাকে ইয়ার ৭ এবং ইয়ার ৮-এর ছেলেমেয়েদের অঙ্ক এবং ইংরেজিতে সাহায্য করতে হবে। |
| **7 (d)** | **F1** | এই চাকরি করলে তোমাকে স্কুলের প্যারেন্টস ইভেনিং-এ টিচারদের কথা বাংলায় বুঝিয়ে বলতে হবে। |

| | | |
|---|---|---|
| **8 (a)** | **M1** | আলেয়া, তুমি গানের উৎসব থেকে কবে ফিরলে? |
| | **F1** | আমি গতকাল ফিরেছি। |
| | **M1** | এই উৎসবের তোমার কী কী ভালো লেগেছে? |
| | **F1** | আমার ভালো লেগেছে উৎসবের খোলা জায়গাটা<br>কতো দেশের বিখ্যাত গায়ক-গায়িকার গান,<br>আর হাজার হাজার লোকের এক সাথে গান শোনা আর নাচা। |
| **8 (b)** | **M1** | তোমার কী ভালো লাগেনি? |
| | **F1** | আমার তাঁবুতে থাকতে ভালো লাগেনি।<br>আর বৃষ্টির জলে খুব কাদা হয়েছিলো, তাও আমার একটুও ভালো লাগেনি। |
| **9 (a)** | **F2** | দেখো, দেখো, ইলেক্ট্রিসিটির বিলটা, অনেক কম খরচ হয়েছে এ মাসে আমরা অনেক টাকা বাঁচিয়েছি। |
| **9 (b)** | **M2** | এবার থেকে বিনা প্রয়োজনে বাড়িতে কোনো আলো জ্বললে, আমি তা নিভিয়ে দেবো। আরও টাকা বাঁচবে। |
| **Example** | **M2** | বেআইনি জিনিশ খেয়ে নেশা করা দেখলে আমার খুব রাগ হয়। কারণ, আমি মনে করি, এ রকম অভ্যাস অসামাজিক। |
| **10 (a)** | **M2** | বেশি রাত জাগা স্বাস্থ্যের পক্ষে ভালো নয়। সবারই ভালো ঘুম হওয়া দরকার। |
| **10 (b)** | **M2** | আজকাল প্রায় সব জায়গাতে ধূমপান নিষেধ। তবু অনেকে বাইরে গিয়ে ধূমপান করেন। নিজেকে ভালো রাখার জন্যে ধূমপান করা একেবারেই উচিত নয়। |
| **10 (c)** | **M2** | শরীর ভালো রাখার জন্যে ভালো ভালো খাবার খেতে হবে, যেমন মাছ, ডিম, ফল ইত্যাদি। তবে কোনো কিছু বেশি খাওয়া ভালো নয়, মোটা হয়ে যাবে। |
| **11** | **F2** | আমি ক্রিসমাসের দিন দেরি করে ঘুম থেকে উঠি। বাইরে বরফ পড়ে থাকলে অনেক দেরি করে উঠি। এ দেশে ক্রিসমাস উৎসবে সবাই যোগ দেয়। অনেকে এই দিন বসে বসে টিভি দেখতে ভালোবাসে – অনেক ভালো প্রোগ্র্যাম থাকে। আমি বন্ধুদের সাথে দেখা করতে যাই। এটা একটা আনন্দের সময়। এই দিনে আমার খুব ভালো লাগে। |
| **12** | **F1** | অলিম্পিক গেইমস ডকল্যান্ডে হওয়াতে আমাদের খুব সুবিধা হয়েছে। |
| | **M1** | পূর্ব লন্ডনের সব বাংলাদেশীরা অলিম্পিক গ্রামের কাছাকাছি থাকেন। |
| | **F2** | যাঁরা ব্যবসা করেন, বিশেষ করে যাঁরা রেস্টুরেন্টের ব্যবসা করেন, তাঁদের রোজগার অনেক বেড়েছে, কারণ কতো লোক খেতে আসছে! |
| | **M2** | অনেক বাংলাদেশী ডকল্যান্ডে চাকরি পাচ্ছে। |
| | **M1** | আমাদের কোনো খালি ঘর থাকলে, ভাড়া দিয়ে কিছু টাকা রোজগার করতে পারছি। |

| | | |
|---|---|---|
| **13** | **F2** | তবে আমাদের অনেক অসুবিধাও হচ্ছে। |
| | **F1** | এই এলাকায় অনেক লোক বেড়েছে। রাস্তায় খুব ভিড়। বাস আর পাতাল রেলেও ভিড়। |
| | **M2** | রাস্তায় অনেক নোংরা আবর্জনা জমে যায়। |
| | **M1** | অনেক রাত পর্যন্ত লোকজনের গণ্ডগোল, হৈ চৈ শোনা যায়। |
| **14** | **M2** | তোমাদের এলাকায় তো অলিম্পিক হলো! এতে কি তোমাদের ভবিষ্যৎ ভালো হবে? |
| | **F2** | হ্যাঁ, খুব ভালো হবে। |
| | **M2** | কেন? |
| | **F1** | আমাদের জন্যে খেলাধুলার সুযোগ-সবিধা আরও বাড়বে। |
| | **M1** | আমাদের চাকরির অনেক সুযোগ হবে। কারণ এই এলাকায় অনেক নতুন ব্যবসা শুরু হয়েছে।<br>যেমন খেলাধুলার পোশাকের এবং অন্য জিনিশপত্রের। |
| | **F2** | আমরা স্টেডিয়ামে নানা ধরনের চাকরি করতে পারবো। |
| | **F1** | আমরা ব্যবসাও করতে পারবো। |
| **Example** | **M1** | শিক্ষামন্ত্রী বলেছেন যে, আবার পুরোনো ধরনের ‘এ’ লেভেল পরীক্ষা ফিরিয়ে আনা হবে। ‘এএস’ লোভেল পরীক্ষা আর থাকবে না। |
| **15 (a)** | **F1** | সুইডেনের এক বিজ্ঞানী একটি নতুন ধরনের বিমান আবিষ্কার করেছেন। এই বিমানটি সূর্যের আলো ও উত্তাপ থেকে বিদ্যুৎ শক্তি ব্যবহার করে আকাশে উড়তে পারবে। |
| **15 (b)** | **M2** | অনেক দিন বৃষ্টি না হওয়ায়, সূর্যের উত্তাপ বাড়ায় এবং জঙ্গল কেটে ফেলার জন্যে আসামের জঙ্গলের অনেক গাছগাছালি নষ্ট হয়ে গেছে। জঙ্গলের হাতিরা খাবার পাচ্ছে না। হাতির দল জঙ্গলের কাছাকাছি গ্রামে হানা দিচ্ছে খাবারের খোঁজে। |
| **15 (c)** | **F2** | বাঙালি মেয়ে রওশন আরা বৃটেনের পার্লামেন্টে নির্বাচিত হয়েছেন পূর্ব লন্ডন থেকে। রওশন আরাকে নাকি তাঁর বাবা-মা স্বপ্না নামে ডাকেন। সেই স্বপ্না আজ পৃথিবীর সব বাঙালির স্বপ্ন সার্থক করেছেন। |
| **16 (a)** | **M1** | অনেক দেশে লোকেরা পানীয় জল ঠিকমতো পায় না। ওষুধের অভাবে রোগীর চিকিৎসা হয় না, টাকার অভাবে শিশুরা দুধ খেতে পায় না। এসব দুর্দশা মেটাবার জন্যে মানুষের দান করা প্রয়োজন। |
| | **F1** | আমাদের সকলের নিয়মিত কিছু না কিছু দান করা উচিত। তোমরা নিশ্চয় ‘ওয়াটার এইডের’ কথা শুনেছো। এই সংস্থার আফ্রিকার গ্রামে গ্রামে পানীয় জলের ব্যবস্থা করে। জল দান করা মানেই হলো জীবন দান – এটা সবচেয়ে মহৎ দান। |
| **16 (b)** | **F2** | তোমরা দানের কাজে সাহায্য করতে পারো। তোমাদের পকেট মানি থেকে যদি সপ্তাহে মাত্র দশ পেন্স জমাও তা হলে বছরে পাঁচ পাউন্ডের বেশি জমে যাবে। |

**END OF TEST**

Copyright © 2012 AQA and its licensors. All rights reserved.